

নবীনগরে নৌকাডুবি অবশেষে জেএসসি পরীক্ষা দিল সাত শিক্ষার্থী

■ নবীনগর (ব্রাহ্মণবাড়িয়া) প্রতিনিধি
নবীনগরে নৌকাডুবির ঘটনায় বাংলা
প্রথম পত্রের জেএসসি পরীক্ষা দিতে
না পারা বীরগাঁও স্কুল অ্যান্ড কলেজের
সাত শিক্ষার্থী শিক্ষা মন্ত্রণালয়ের
সিদ্ধান্ত অনুসারে শনিবার পরীক্ষা
দিয়েছে। জেলা প্রশাসক রেজওয়ানুর
রহমান জানান, বোর্ডের নির্দেশনায়
মানবিক দিক বিবেচনা করে পরীক্ষা
নেওয়া হয়েছে। উপজেলা প্রশাসন
বিষয়টি তদারক করেছে।

এই সাত পরীক্ষার্থী হলো- শান্তা
বেগম, খাদিজা আক্তার, শান্তা খানম,
জান্নাত আক্তার, রুমা বেগম, পাণিয়া
বেগম ও সামিয়া আক্তার।

জেএসসি পরীক্ষার কেন্দ্র
কৃষ্ণনগর আবদুল জব্বার উচ্চ
বিদ্যালয় সূত্র জানায়, পরীক্ষার জন্য
কয়েকটি প্রশ্নের সেট প্রস্তুত ছিল।
প্রথম পরীক্ষা বাংলা প্রথম পত্র 'ক'
সেটের প্রশ্নে নেওয়া হয়েছিল। আরও
প্রশ্নের সেট প্রস্তুত রয়েছে। বীরগাঁও
স্কুল অ্যান্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ
নাজির হোসেন বলেন, প্রথম পরীক্ষায়
১৬ জন অনুপস্থিত ছিল। তাদের মধ্যে
নৌকাডুবির কারণে সাতজন পরীক্ষা
দিতে পারেনি। ওই সাতজন শনিবার
পরীক্ষা দিয়েছে।

কেন্দ্র সচিব কৃষ্ণনগর আবদুল
জব্বার উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক
ফেরদাউসুর রহমান বলেন, পরীক্ষা
নেওয়ার বিষয়ে তত্ত্বাবধান করেছেন
জেলা প্রশাসক ও ইউএনও।
নবীনগরের ইউএনও সালেহীন
তানভীর গাজী বলেন, যে সাতজন
পরীক্ষা দিতে পারেনি শনিবার তাদের
পরীক্ষা নেওয়া হয়েছে। ১ নভেম্বর
সকালে উপজেলার পাগলা নদীর
কৃষ্ণনগর এলাকায় বীরগাঁও স্কুল অ্যান্ড
কলেজের দেড় শতাধিক জেএসসি
পরীক্ষার্থী নিয়ে একটি নৌকা ডুবে
যায়। এতে দুই শিক্ষার্থীর মৃত্যু হয়।